ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১


স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.ভর্তি/২০১৮/০০০৬৫৭ তারিখ ঃ ২০ অগ্রহায়ণ ১৪৩১ / ৫ ডিসেম্বর-২০২৪খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল স্নাতক (পাস) শ্রেণিতে পাঠদানকারী মাদরাসাসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আগ্রহী প্রার্থীরা ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ১৫. ১২ .২০২৪ খ্রি. তারিখ হতে ০৮. .০৪ .২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফি' সহ ০৯.০৪.২০২৫ খ্রি. তারিখ হতে ০৫.০৫.২০২৫খ্রি. তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে। ভর্তির কার্যক্রম সমাপ্তির সাথে সাথে পাঠদান শুরু হবে।

১। ভর্তি ও রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি' জমাদানের নিয়মাবলী ঃ

(ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি'০৯.০৪. ২০২৫ খ্রি.তারিখ থেকে ১৬.০৪. .২০২৫খ্রি তারিখের মধ্যে Payslip ডাউনলোড পূর্বক Payslip এ উল্লেখিত তারিখের মধ্যে অগ্রনী ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে **(এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)**।

(খ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' ০৬.০৫ .২০২৫ খ্রি. তারিখ থেকে ০৭.০৫.২০২৫ খ্রি. তারিখের মধ্যে Payslip ডাউনলোড পূর্বক Payslip এ উল্লেখিত তারিখের মধ্যে অগ্রনী ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে **(এজেন্ট ব্যাংকিং এ জমা না দেওয়ার অনুরোধ করা হলো)**।

২। ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে প্রতিটি মাদরাসায় নিম্নরূপ একটি করে কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি<br>(গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারি মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | ফাজিল পর্যায়ের একজন শিক্ষক (প্রভাষক/সহকারী অধ্যাপক) অধ্যক্ষ কর্তৃক মনোনীত | সদস্য |

৩। ফাজিল (স্নাতক) পাস শ্রেণীতে ভর্তির যোগ্যতা ঃ

২০২৩/২০২৪ সনে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফাজিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন (২০২৩ সালে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবিরতি ফি' দিতে হবে)। প্রাথমিক পাঠদানের অনুমতিবিহীন / অনুমতির মেয়াদ উত্তীর্ণ অথবা অধিভুক্তি বাতিলকৃত মাদরাসাসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

৪। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন এবং মাদরাসাসমূহের eSIF তালিকা প্রেরণের সময়সূচীঃ

২০২৪-২০২৫ ইং শিক্ষাবর্ষে ফাজিল স্নাতক (পাস) শ্রেণীতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন ১১ .০৫ .২০২৫ খ্রি. থেকে ২৬. ০৫.২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করে ২৭ .০৫ .২০২৫ খ্রি. থেকে ২৯.০৫.২০২৫খ্রি. তারিখের মধ্যে **Final submit** দিতে হবে (অনলাইন রেজিস্ট্রেশন চলাকালীন সময় **Final submit** অপশন দেয়া থাকবে না)। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে অফিস অনলাইন **Payslip** এর মূল কপি ও ২ কপি **esif** লিস্টসহ আনুষাঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বছিলাস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৫। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা দিতে হবে যে, **"আমি ভালভাবে বুঝে শুনেই এ মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এ মাদরাসা পরিবর্তন করে অন্য কোন মাদরাসায় ভর্তির জন্য আবেদন করবো না।**

৬। **ফাজিল স্নাতক (পাস) শ্রেণির রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি' এর হার:**

**বিলম্ব ফি ছাড়া**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি. ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল স্নাতক (পাস) | ৫০/- | ২৫০/- | ২৫০/- | ৫০/- | ১৫/- | ১৫০/- |

**বিলম্ব ফি' সহ**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি. ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল স্নাতক (পাস) | ৫০/- | ৪০০/- | ৩৫০/- | ৫০/- | ১৫/- | ১৫০/- |

ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি', ক্রীড়া ফি' ও শিক্ষা বিরতি ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি'

(ক) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৪৬৫/- টাকা,
(খ) বিলম্ব ফি' ছাড়া ও শিক্ষা বিরতি ফি' সহ প্রতি ছাত্র/ছাত্রী ৫৪০/- টাকা,
(গ) বিলম্ব ফি' সহ ও শিক্ষা বিরতি ফি' ছাড়া প্রতি ছাত্র/ছাত্রী ৬৪০/- টাকা,
(ঘ) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' সহ প্রতি ছাত্র/ছাত্রী ৭১৫/- হারে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে **"অগ্রণী ব্যাংক লিঃ"** এর যে কোন শাখায় জমা দেয়া যাবে। **Payslip** রশিদের অপর পৃষ্ঠায় মাদরাসা অধ্যক্ষের সীল ও স্বাক্ষরসহ রশিদটি eSIF তালিকা এর সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) ফি-জমা দেয়ার নিয়মাবলী ঃ
প্রথম ধাপ : **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন।
দ্বিতীয় ধাপ : **EIIN ও Password দিয়ে Login** করুন।
তৃতীয় ধাপ : **Admission & Registration Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করুন।
চতুর্থ ধাপ : **Payslip Download** করে ব্যাংকে টাকা জমা দিন।
(Payslip Download করতে কোন সমস্যা হলে জনাব মোঃ রুমি কিসলু, সেকশন অফিসার (০১৭১৮-৯৫৫৫৯৬ এই নম্বরে যোগাযোগ করুন)।

৭। সাধারণ শর্তাবলীঃ
(ক) শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট মাদরাসায় আবেদন করতে হবে।
(খ) যে সকল শিক্ষার্থীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম eSIF লিস্টে লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে।
(গ) ছাত্র ও ছাত্রীর সংখ্যা আলাদা ভাবে উল্লেখ করতে হবে।
(ঘ) প্রাথমিক পাঠদানের নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সাথে সংযুক্ত করতে হবে।
(ঙ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ফাজিল স্নাতক (পাস) শ্রেণীতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য উঠানো পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি (টুপি/ওড়না পরিহিত রঙিন) ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।
(চ) আলিম/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যূকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে না।
(ছ) ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল/সমমান পরীক্ষার অনুরূপ হতে হবে।
(জ) উল্লেখ্য, অনলাইন রেজিস্ট্রেশনের সময় ঝাপসা বা অন্য কোন ছবি দেয়া যাবে না ও নির্ধারিত তারিখের পর কোন ছাত্র-ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৫/১২/২০২৪

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আইসিটি শাখা)